

জেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মো: আতাউল গনি জেলা প্রশাসক
সভার তারিখ	৩০ অক্টোবর ২০২২
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'

সভাপতি প্রথমেই সকলকে ধন্যবাদ জানিয়ে প্রস্তুতিমূলক সভার কাজ শুরু করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ এর সার্বিক দিকনির্দেশনায় প্রযুক্তিবান্ধব নানা উদ্ভাবন ও সেবা তৈরির মাধ্যমে ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হয়েছে। উন্নয়নের অগ্রযাত্রায় ২০৩০ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে টেকসই লক্ষ্যমাত্রা অর্জনে মডেল এসডিজি রাষ্ট্র এবং ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষে বাংলাদেশ সরকার উদ্যোগ গ্রহণ করেছে। প্রযুক্তিবান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ, সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে দেশব্যাপী “উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে আয়োজন করা হচ্ছে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াড। ফলে অংশগ্রহণমূলক ও অন্তর্ভুক্তিমূলক উদ্ভাবনের মাধ্যমে আগামীর লক্ষ্যমাত্রা অর্জন করা সহজ হবে।

তিনি সভায় উপস্থিত সকলকে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর স্থান, তারিখ, সময় নিবার্চন, বিভিন্ন কমিটি/উপ-কমিটি গঠনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে মতামত প্রদান করে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার অনুরোধ করেন।

আলোচ্য সূচি: ০১. ডিজিটাল উদ্ভাবনী মেলার স্থান, তারিখ, সময় নির্ধারণ:

আলোচনা: সর্বসম্মতিক্রমে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে অবস্থিত “জনসেবা চত্বর” এ আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২০২২ তারিখ ০২ (দুই) দিনব্যাপী জেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং ০১ নভেম্বর হতে ১০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে এটুআই কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক ০১(এক) দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

ভেন্যু : জনসেবা চত্বর, জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে, টাঙ্গাইল

তারিখ : ১৮ ও ১৯ নভেম্বর ২০২২ (দুই) দিন ব্যাপী। শুভ উদ্বোধন: ১৮ নভেম্বর ২০২২ (শুক্রবার); সকাল ১০.৩০ টায়

মেলা চলবে : প্রতিদিন বেলা ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত।

আলোচ্য সূচি: ০২: ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদযাপনের লক্ষ্যে গঠিত উপ-কমিটিসমূহ:

২.১ মিডিয়া এন্ড কমিউনিকেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রম	পদবী	মোবাইল	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল	০১৯১৮০০৭৮৩৮	আহ্বায়ক
২	সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, টাঙ্গাইল	০১৭১২৭১৫৩৬৭	সদস্য
৩	সভাপতি, প্রেস ক্লাব, টাঙ্গাইল	০১৭১১৩৯৩৪৯৮	ঐ

৪	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	০১৯৬২৪৯০৮৬৮	ঐ
৫	সহকারী কমিশনার (গোপনীয়), টাঙ্গাইল	০১৬৭৭৭৮৮২৬৮	ঐ
৬	মো: রাজিবুল হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	০১৭১৬৫৯৬৯২৯	ঐ

কার্যপরিধি:

১. ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এর ক্যাম্পেইন এবং একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করা
 ২. এটুআই কর্তৃক সরবরাহকৃত ভিডিও ও অডিও এনাউন্সমেন্ট কেবল টিভিতে এবং মাইকিং এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা
 ৩. মেলার অনুষ্ঠান সূচী সম্বলিত আমন্ত্রণপত্র, ফ্রোডপত্র/নিউজ লেটার প্রকাশের ব্যবস্থা করা
 ৪. উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথি, মূল প্রবন্ধ উপস্থাপক নির্ধারণ
 ৫. এটুআই এর পক্ষে কে উপস্থিত থাকবেন, তা যোগাযোগ করে ঠিক করা
 ৬. মেলার বিভিন্ন ইভেন্ট ও স্টলসমূহের স্থির চিত্র, ভিডিও ধারণ করে ফেসবুক এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা
- ২.২ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ উপ-কমিটি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রম	পদবী	মন্তব্য
১	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল	আহ্বায়ক
২	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল	সদস্য
৩	সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, টাঙ্গাইল	ঐ
৪	সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, টাঙ্গাইল	ঐ
৫	সহকারী কমিশনার (জুডিশিয়াল মুন্সিখানা) টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি: এ কমিটি ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদযাপন উপলক্ষে মেলা প্রাঙ্গণে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৩ প্যাভিলিয়ন /স্টল স্থাপন ও ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিসমূহ :

২.৩.১ প্যাভিলিয়ন-১ (উদ্ভাবনী উদ্যোগ এবং স্টার্টআপ) ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), টাঙ্গাইল	আহ্বায়ক
২	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল	সদস্য
৩	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাঙ্গাইল	ঐ

৪	জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল	ঐ
৫	নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল	ঐ
৬	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ
৭	সহকারী কমিশনার (সাধারণ শাখা), টাঙ্গাইল	ঐ
৮	অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট, টাঙ্গাইল	ঐ
৯	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন স্টার্টআপ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে এটুআই হতে প্রদত্ত নির্দেশনার প্যাভিলিয়ন-১ (উদ্ভাবনী উদ্যোগ ও স্টার্টআপ) বিষয়ক প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে। (কপি সংযুক্ত)

২.৩.২ প্যাভিলিয়ন-২ (ডিজিটাল সেবা) ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল	আহ্বায়ক
২	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, টাঙ্গাইল	সদস্য
৩	উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ
৪	উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ
৫	সহকারী পরিচালক, বিআরটিএ, টাঙ্গাইল	ঐ
৬	রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল	ঐ
৭	সহকারী কমিশনার (ভূমি), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল	ঐ
৮	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ
৯	সহকারী কমিশনার (রেকর্ডরুম), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	ঐ
১০	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- জেলার বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক প্রদত্ত ডিজিটাল সেবাসমূহ মেলায় প্রদর্শন এবং মেলায় আগত সেবা প্রত্যাশীদের মাঝে তাৎক্ষণিক সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে এটুআই হতে প্রদত্ত নির্দেশনার প্যাভিলিয়ন-২ (ডিজিটাল সেবা) বিষয়ক প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে। (কপি সংযুক্ত)

২.৩.৩ প্যাভিলিয়ন-৩ (হাতের মুঠোয় সেবা) ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল	আহ্বায়ক
২	সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইনডাস্ট্রি, টাঙ্গাইল	সদস্য
৩	সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা কম্পিউটার সমিতি	ঐ
৪	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি./ব্র্যাক ব্যাংক, টাঙ্গাইল	ঐ
৫	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ
৬	সহকারী কমিশনার (মূল্যায়ন), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	ঐ
৭	সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা উদ্যোক্তা ফোরাম, টাঙ্গাইল	ঐ
৮	প্রতিনিধি, সুন্দরবন/এসএ পরিবহন/পাঠাও/রেডক্স কুরিয়ার সার্ভিস, টাঙ্গাইল	ঐ
৯	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- প্যাভিলিয়ন ৩ (ডিজিটাল সেন্টার, পোস্ট ই-সেন্টার, ই-কমার্স এবং অন্যান্য আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান) কর্তৃক প্রদত্ত সেবা সকলের মাঝে প্রদর্শন এবং মেলা প্রাঙ্গণে আগত সেবা প্রত্যাশীদের মাঝে তাৎক্ষণিক সেবা প্রদানের ব্যবস্থা প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে এটুআই হতে প্রদত্ত নির্দেশনার প্যাভিলিয়ন-৩ (হাতের মুঠোয় সেবা) বিষয়ক প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে। (কপি সংযুক্ত)

২.৩.৪ প্যাভিলিয়ন-৪ (শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান) সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল	আহ্বায়ক
২	জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল	সদস্য
৩	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল	ঐ
৪	সুপারিনটেনডেন্ট, পিটিআই, টাঙ্গাইল	ঐ
৫	অধ্যক্ষ, টিটিসি, টাঙ্গাইল	ঐ
৬	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ
৭	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ
৮	সহকারী পরিচালক, কর্মসংস্থান ও জনশক্তি অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ
৯	সহকারী কমিশনার (শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	ঐ
১০	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ

১১	প্রতিনিধি ফ্রিল্যান্সিং প্রতিষ্ঠান, টাঙ্গাইল	ঐ
----	--	---

কার্যপরিধি:

- প্যাভিলিয়ন ৪ (শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান) প্যাভিলিয়নে সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানসমূহের সেবাসমূহ সকলের মাঝে প্রদর্শন এবং মেলা প্রাঙ্গণে আগত সেবা প্রত্যাশীদের মাঝে তাৎক্ষণিক সেবা প্রদানের প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবিষয়ে এটুআই হতে প্রদত্ত নির্দেশনার প্যাভিলিয়ন-৪ (শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান) বিষয়ক প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে। (কপি সংযুক্ত)

২.৩.৫ মূল্যায়ন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), টাঙ্গাইল	আহ্বায়ক
২	প্রতিনিধি, মাভাবিপ্র বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল	সদস্য
৩	সিনিয়র সহকারী কমিশনার (জেএম শাখা), টাঙ্গাইল	ঐ
৪	সহকারী কমিশনার (শিক্ষা), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	ঐ
৫	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ
	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- জেলা পর্যায়ে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উপলক্ষে উদ্ভাবনী অলিম্পিয়াড প্রতিযোগিতায় মূল্যায়নের জন্য এটুআই হতে প্রদত্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় সকল কাজ সম্পাদন করতে হবে।

২.৩.৬ পুরস্কার ক্রয় উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল	আহ্বায়ক
২	নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল	সদস্য
৩	ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, টাঙ্গাইল	ঐ
৪	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ
৫	মো: রাজিবুল হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, আইসিটি শাখা, টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রাপ্তদের জন্য পুরস্কার নির্ধারণ করে ক্রয় ও র্‌যাপিং এর ব্যবস্থাকরণ।
- ফ্রেস্ট/সার্টিফিকেট/সান্তনা পুরস্কার এর নমুনা ও তালিকা তৈরি।
- পুরস্কার হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপকরণকে প্রাধান্য দেয়া।

২.৩.৭ উদ্বোধনী এবং সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	সদস্যের নাম ও পদবী	মন্তব্য
১	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), টাঙ্গাইল	আহ্বায়ক
২	নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল	সদস্য
৩	সিনিয়র সহকারী কমিশনার (আরএম শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল	ঐ
৪	ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, টাঙ্গাইল	ঐ
৫	সহকারী কমিশনার (আইসিটি), টাঙ্গাইল	ঐ

কার্যপরিধি:

- অনুষ্ঠানের ব্যানার প্রস্তুতকরণ
- আলোচনা সভা ও পুরস্কার বিতরণ কার্যক্রম পরিচালনা
- অতিথিদের আপ্যায়নের ব্যবস্থাকরণ

আলোচ্য সূচি: ০৩. বিবিধ:

আলোচনা: মেলায় সার্বিক আইন-শৃংখলা রক্ষা, মেডিকেল টিম এবং স্বেচ্ছাসেবী দল গঠনসহ বিবিধ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত:

- সকল সরকারি দপ্তর মেলায় স্টল ডেকোরেশন, উদ্ভাবন শোকেসিং, সেবা প্রদান ইত্যাদি কাজের জন্য স্ব স্ব প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট আর্থিক কোডে বরাদ্দকৃত অর্থ হতে অর্থ ব্যয় করতে পারবেন।
- ০১ নভেম্বর হতে ১০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে এটুআই কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক ০১(এক) দিনব্যাপী মেলা সম্পন্ন করে আগামী ১৩ তারিখের মধ্যে মেলার সকল কার্যক্রমের একটি পূর্ণাঙ্গ রিপোর্ট (ছবি, ভিডিও) আবশ্যিকভাবে একাধিকভাবে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।
- উপজেলা নির্বাহী অফিসারগণকে মেলার স্থান, তারিখ নির্ধারণপূর্বক আগামী ৬ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।
- উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য মেলার প্যাভিলিয়ন ১ (উদ্ভাবনী উদ্যোগ এবং স্টার্টআপ) নামীয় প্যাভিলিয়নে উদ্ভাবনী অলিম্পিয়াডে ৩টি গ্রুপে অংশগ্রহণকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য হতে ১ম স্থান অধিকারীগণের নাম, প্রকল্পের নাম আগামী ১৩ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।

- জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য দুই দিনব্যাপী মেলার উদ্ভাবনী অলিম্পিয়াড প্রদর্শনী ও প্রতিযোগিতায় ৩টি গ্রুপের উপজেলা পর্যায়ের শ্রেষ্ঠদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।
- জেলা সদরের নিকটস্থ প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের মাঝে উদ্ভাবনী চর্চা বিকশিত করার লক্ষ্যে দুই দিনব্যাপী মেলা ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।
- মেলায় প্রদর্শিত ডিজিটাল সেবার মানোন্নয়নে নাগরিকদের মূল্যায়ন সম্পর্কে অফলাইন/অনলাইনে মতামত গ্রহণ করতে হবে।
- ভেন্যুতে সার্বিক নিরাপত্তার জন্য পুলিশ সুপার, টাঙ্গাইলকে পত্র দিতে হবে।
- মেডিক্যাল টিম গঠনের জন্য সিভিল সার্জন, টাঙ্গাইলকে পত্র দিতে হবে।
- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিভাগকে পত্র দিতে হবে।
- বিএনসিসি, গার্লস গাইড, স্কাউট, রোভার স্কাউটদের নিয়ে স্বেচ্ছাসেবী দল গঠনের জন্য সংশ্লিষ্ট সাধারণ সম্পাদকগণকে অনুরোধ করা হয়।
- তাৎক্ষণিক দুযোগ প্রশমনের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে পত্র দিতে হবে।
- বহল প্রচারের জন্য (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া, স্থানীয় ক্যাবল টিভি নেটওয়ার্কে বিজ্ঞাপন/সরাসরি সম্প্রচার, মাইকিং) সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়।

০৫. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ সার্বিকভাবে সফল করার লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে সচেতন হওয়ার আহবান এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০২৪.১৬.৮৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
- ২) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৩) পুলিশ সুপার, টাঙ্গাইল
- ৪) সিভিল সার্জন, টাঙ্গাইল
- ৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), টাঙ্গাইল।
- ৭) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল।
- ৮)
- ৯) নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ) বিউবো, টাঙ্গাইল। তাঁকে উক্ত ভেন্যুতে প্রয়োজনীয় সংখ্যক বৈদ্যুতিক মিটারসহ বিদ্যুতিক সংযোগ প্রদানের অনুরোধসহ।
- ১০) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।

- ১১) বিভাগীয় প্রকৌশলী (বিটিসিএল), টাঙ্গাইল। তাঁকে মেলা চত্বরে ফ্রি ওয়াই ফাই জোন তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২) জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল। মেলায় জেলা পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, কম্পিউটার শিক্ষক এর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩) সুপারিনটেনডেন্ট, পিটিআই, টাঙ্গাইল। মেলায় তাঁর প্রতিষ্ঠানের সকল প্রশিক্ষার্থীর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল। মেলায় জেলা পর্যায়ে যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল কনটেন্ট দিয়ে পাঠদান ও মাল্টিমিডিয়া ক্লাস চালু রয়েছে, সেসকল প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/সহকারী শিক্ষক এর উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৫) সহকারী পরিচালক, জেলা তথ্য অফিস, টাঙ্গাইল। বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৬) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, টাঙ্গাইল।
- ১৭) জনাব,
-



ড. মো: আতাউল গনি
জেলা প্রশাসক